বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৩৭/এ দিলকুশা বা/এ
ঢাকা-১০০০।

এস. আর. ও. নং --------/২০২১।- বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩নং আইন) এর ধারা ১৪৮, ধারা ৮১ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে কর্তৃপক্ষ, সরকারের অনুমোদনক্রমে নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা:-

১। **শিরোনাম ও প্রবর্তন** ।- (১) এই প্রবিধানমালা বীমাকারীর উপদেষ্টা নিয়োগ প্রবিধানমালা, ২০২১ নামে অভিহিত হইবে ।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা** ।- (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায় —

(ক) 'আইন' অর্থ বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন);

(খ) 'কর্তৃপক্ষ' অর্থ আইনের ধারা ২(১০) এ সংজ্ঞায়িত কর্তৃপক্ষ;

(গ) 'বীমাকারী' অর্থ আইনের ধারা ২(২৫) এ সংজ্ঞায়িত বীমাকারী;

(২) এই প্রবিধানমালায় ব্যবহৃত যেই সকল শব্দ বা অভিব্যক্তি ব্যবহার করা হইয়াছে কিন্তু সংজ্ঞা বা ব্যাখ্যা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি বীমা আইন, ২০১০ এ যে অর্থে ব্যবহৃত হইয়াছে এই প্রবিধানমালায়ও উক্ত অর্থে প্রযোজ্য হইবে।

৩। **উপদেষ্টার নিয়োগ পদ্ধতি :** বীমাকারীর পরিচালনা পর্ষদ প্রবিধি-৪ এ উল্লেখিত যোগ্যতা সম্পন্ন ব্যক্তিকে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে উপদেষ্টা নিয়োগ করিতে পারিবে। তবে বীমাকারীর নিয়োগ প্রস্তাবের সাথে উপদেষ্টা হিসাবে নিয়োগের যৌক্তিকতাসহ প্রস্তাবিত ব্যক্তির নিয়োগ ও চুক্তি পত্রের খসড়া কপি, সম্প্রতি তোলা ২ কপি পাসপোর্ট সাইজের ছবিসহ জীবন বৃত্তান্ত, সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি, উপদেষ্টা নিয়োগ সংক্রান্ত পরিচালনা পর্ষদের কার্যবিবরণীর সারসংক্ষেপ, প্রবিধি-৮ মোতাবেক অযোগ্যতা না থাকিলে ইহার স্বপক্ষে প্রস্তাবিত ব্যক্তির একটি হলফনামাসহ কর্তৃপক্ষের অনুমোদনের জন্য বীমাকারী আবেদন পত্র দাখিল করিবে।

৪। উপদেষ্টা হিসাবে নিয়োগ লাভের জন্য যোগ্যতা ও অভিজ্ঞতা।— (১) বীমা কোম্পানি (মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ ও অপসারণ) প্রবিধানমালা, ২০১২ এর প্রবিধি-৩ এ বর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তি যিনি একই শ্রেণীর বীমা ব্যবসায়ের মুখ্য নির্বাহী কর্মকর্তা হিসাবে নিয়োগ চুক্তির শর্ত মোতাবেক ১০ (দশ) বৎসর সফলভাবে দায়িত্ব পালন করিয়াছেন, তিনি উপদেষ্টা হিসাবে নিয়োগ আবেদনের জন্য যোগ্য বলিয়া গণ্য হইবেন।

(২) (ক) উপদেষ্টা হিসাবে নিয়োগের ক্ষেত্রে নিম্নলিখিত পেশাগত ডিগ্রী বা পদধারীদের অগ্রাধিকার প্রদান করা যাইবে, যথা:-

(১) Institute and Faculty of Actuaries, UK বা Society of Actuaries, USA এর Fellow বা Associate;

(২) International Actuarial Association (IAA) এর সদস্যভূক্ত Actuarial Professional Body হইতে প্রাপ্ত Fellowship বা Associateship;

(৩) Chartered Insurance Institute of UK এর Fellow বা Associate;

(৪) Chartered Life Underwriter (CLU);

(৫) Life Management Institute (Life Insurance Industry Accreditation) এর Fellow বা Associate;

(৬) Institute of Chartered Accountants of Bangladesh (ICAB) এর Fellow বা Associate;

(৭) Institute of Chartered Accountants of England and Wales এর Fellow বা Associate;

(৮) Association of Chartered Certified Accountants (ACCA) এর Fellow বা Associate;

(৯) Institute of Cost and Management Accountants of Bangladesh (ICMAB) এর Fellow বা Associate;

(১০) Certified Financial Analyst (CFA);

(১১) Certified Public Accountants (CPA);

(১২) বিদেশে বীমা (লাইফ বা নন-লাইফ) বিষয়ে উচ্চতর ডিগ্রীসহ বাস্তব কাজের অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তি; বা

(১৩) আইনজ্ঞ, জরিপকারী, মূল্যায়নকারী এবং ইসলামী শরীয়াহ বিশেষজ্ঞ।

(খ) উপদেষ্টা হিসাবে নিয়োগের ক্ষেত্রে উপরোল্লিখিত (১) ও (২) নং দফার ডিগ্রী বা পদধারীদের অভিজ্ঞতার মেয়াদ সর্বোচ্চ ৫ (পাঁচ) বৎসর এবং (৩) হতে (১১) নং দফার ডিগ্রী বা পদধারীদের অভিজ্ঞতার মেয়াদ সর্বোচ্চ ৩ (তিন) বৎসর শিথিল করা যাইবে।

(৩) সরকারের অবসর প্রাপ্ত কোন যুগ্মসচিব বা তদুর্দ্ধ কর্মকর্তা যাহার কাজ করিবার সক্ষমতা রহিয়াছে এবং মন্ত্রণালয় বা মন্ত্রণালয়ের অধিনস্ত প্রতিষ্ঠানে বীমা বিষয়ক কাজের অভিজ্ঞতা রহিয়াছে তিনি উপদেষ্টা হিসাবে নিয়োগের জন্য যোগ্য বলিয়া গণ্য হইবেন।

৫। উপদেষ্টা নিয়োগের মেয়াদ কাল : উপদেষ্টা ৩ (তিন) বৎসরের জন্য উক্ত পদে নিয়োগলাভ করিবেন এবং কর্তৃপক্ষের অনুমোদনের ভিত্তিতে উক্ত মেয়াদ নবায়ন করা যাইবে।

৬। উপদেষ্টার দায়িত্ব ও কর্তব্য: বীমাকারীর পরিচালনা পর্ষদ কর্তৃক উপদেষ্টার দায়িত্ব ও কর্তব্য নিয়োগ চুক্তি পত্রে সুস্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে । উপদেষ্টা বীমাকারীর বিনিয়োগ ও আর্থিক ব্যবস্থাপনা , প্রশাসনিক কার্যক্রম, ব্যবসায় উন্নয়ন, ব্যবস্থাপনা ব্যয় নিয়ন্ত্রণসহ বীমা প্রতিষ্ঠানের সার্বিক বিষয়ে পরিচালনা পর্ষদ এবং মুখ্য নির্বাহী কর্মকর্তাকে উপদেশ ও পরামর্শ প্রদান করিবেন। তবে, বীমা প্রতিষ্ঠান পরিচালনায় বীমা গ্রাহকের স্বার্থের পরিপন্থি কোন বিষয় পরিলক্ষিত হইলে তাহা পরিচালনা পর্ষদ এবং কর্তৃপক্ষকে অবহিত করিবে।

৭। উপদেষ্টার পারিতোষিক ও অন্যান্য সুবিধাদি: (১) উপদেষ্টা পদ বীমাকারীর জনবল কাঠামোতে স্থায়ী পদ হিসাবে গণ্য হইবে না;

(২) চুক্তিভিত্তিক উপদেষ্টার পারিতোষিক ও অন্যান্য শর্ত বীমাকারীর পরিচালনা পর্ষদ কর্তৃক প্রচলিত বিধি বিধান অনুসরণপূর্বক আর্থিক মানদন্ডে নির্ধারিত হইবে যাহা নিয়োগ চুক্তিতে সুস্পষ্টভাবে উল্লেখ থাকিতে হইবে;

(৩) উপদেষ্টার সুযোগ সুবিধা নির্ধারণের ক্ষেত্রে উপদেষ্টার অভিজ্ঞতা, যোগ্যতা, বীমাকারীর কাজের পরিধি, আর্থিক অবস্থা, ব্যবসার পরিমাণ ইত্যাদি বিষয় বিবেচনায় নিয়ে বীমাকারীর পরিচালনা পর্ষদ নির্ধারণ করিবে;

(৪) চুক্তির মেয়াদকালীন সময়ে চুক্তিপত্রের শর্তাবলীতে নির্দিষ্ট পারিতোষিক ও অন্যান্য সুবিধাবলীর শর্তসমূহ পরিবর্তন করা যাইবে না এবং নবায়নের সময় উপদেষ্টার কাজের যোগ্যতা বিবেচনাকরত: বেতন পুন: নির্ধারণের প্রস্তাব পেশ করা যাইবে।

৮। উপদেষ্টা নিয়োগে অযোগ্যতা: কোন ব্যক্তি উপদেষ্টা হিসাবে নিয়োগলাভের জন্য যোগ্য হইবেন না, যদি-

(ক) তিনি বা তার পরিবারের কোন সদস্য সংশ্লিষ্ট বীমাকারীর শেয়ারহোল্ডার কিংবা পরিচালক কিংবা মুখ্য নির্বাহী কর্মকর্তা হন;

(খ) তিনি বাংলাদেশের নাগরিক বা বাংলাদেশের ডমিসাইল না হন;

(গ) তিনি শারীরিক বা মানসিক অসামর্থ্যের কারণে দায়িত্ব পালনে অক্ষম হন;

(ঘ) তিনি কোন উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া বা অপ্রকৃতিস্থ বলিয়া ঘোষিত হন;

(ঙ) তিনি কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ঋণখেলাপী হিসাবে ঘোষিত হোন;

(চ) তিনি নৈতিক স্খলনজনিত কোন অপরাধের দায়ে দোষী সাব্যস্ত হইয়া আদালত কর্তৃক অন্যূন ৬ (ছয়) মাস বা তদূর্দ্ধ মেয়াদের কারাদন্ডে দন্ডিত হন এবং উক্ত দন্ড হইতে মুক্তি লাভের পর ৫ (পাঁচ) বছর সময় অতিক্রান্ত না হয়;

(ছ) তিনি অন্য কোন বীমা কোম্পানি বা আর্থিক প্রতিষ্ঠানে কোন পদে থাকাকালীন তাহার পদের ক্ষমতার অপব্যবহার বা দূর্নীতির কারণে অপসারিত হইয়া থাকেন;

(জ) তিনি কোন ব্যাংক, বীমা বা আর্থিক প্রতিষ্ঠানের পরিচালক হন;

(ঝ) তিনি কোন কোম্পানীর মুখ্য নির্বাহী কর্মকর্তা হিসেবে কর্তৃপক্ষ কর্তৃক নিয়োগের অযোগ্য বলিয়া বিবেচিত হইয়াছেন।

৯। উপদেষ্টার অপসারণ পদ্ধতি: (১) কোন বীমাকারী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে উপদেষ্টাকে অপসারণ করিতে পারিবে, যদি তিনি-

(ক) শারীরিক বা মানসিক অসামর্থ্যের কারণে দায়িত্ব পালনে অক্ষম হন বা দায়িত্ব পালনে অস্বীকৃতি জানান;

(খ) উপযুক্ত কারণ ব্যতিত ৩ (তিন) মাস দায়িত্ব পালনে অনুপস্থিত থাকেন;

(গ) এই প্রবিধানের প্রবিধি-৮ এর কোন বিধান অনুযায়ী উপদেষ্টা হিসাবে থাকিবার অযোগ্য হইয়া পড়েন;

(ঘ) এমন কোন কাজ করেন যাহা বীমাকারীর জন্য ক্ষতিকর;

(ঙ) এমনভাবে নিজেকে পরিচালনা করেন, বা নিজের পদকে অপব্যবহার করেন যাহা আইন বা প্রবিধানের উদ্দেশ্য বা বীমা পলিসি গ্রাহক বা শেয়ারহোল্ডার বা জনস্বার্থকে ব্যাহত করে;

(চ) নিজে বা তাহার স্বামী বা স্ত্রী, সন্তান, পিতা বা মাতা, ভ্রাতা বা বোনের মাধ্যমে এমন কোন কার্যকলাপে জড়িত হন, যাহার দ্বারা বীমাকারীর স্বার্থের ব্যাঘাত হইতে পারে;

(ছ) বীমাকারী বা বীমাকারীর সাবসিডিয়ারী প্রতিষ্ঠান বা অন্য কোন বীমাকারী বা আর্থিক প্রতিষ্ঠানের চেয়ারম্যান, পরিচালক বা অন্য বীমাকারীর ব্যবসায়িক স্বার্থের সহিত সংশ্লিষ্ট হন।

(২) প্রবিধি ৯ (১) এ বর্ণিত কারণে উপদেষ্টাকে তাহার পদে বহাল থাকিবার অযোগ্য মনে করিলে, বীমাকারী উক্ত কারণের যথার্থতা যাচাই করিবার জন্য একটি তদন্ত কমিটি গঠন করিবে।

(৩) প্রবিধি ৯ (২) এর অধীন তদন্ত কমিটি গঠন করা হইলে, বীমাকারী, পরিস্থিতি বিবেচনাক্রমে, তাহাকে তাহার দায়িত্ব পালন হইতে বিরত থাকিবার নির্দেশ দিতে পারিবে এবং এতদ্‌বিষয়ে নির্দেশ প্রদান করা হইলে তিনি তাহা পালনে বাধ্য থাকিবেন।

(৪) উপদেষ্টার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হইলে এবং তাহাকে অপসারণ করা সমীচীন বিবেচনা করিলে, বীমাকারী তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট তথ্যাদি কর্তৃপক্ষের নিকট দাখিল করিবে এবং কর্তৃপক্ষ তাহা আমলে নিয়া উভয় পক্ষকে এক সাথে শুনানীর সুযোগ প্রদান করিয়া যথাশীঘ্র উহার সিদ্ধান্ত জ্ঞাপন করিবে।

(৫) কারণ দর্শাইবার যুক্তিসঙ্গত সুযোগ প্রদান না করা হইলে কর্তৃপক্ষ কোন উপদেষ্টার অপসারণ অনুমোদন করিবে না।

(৬) এই প্রবিধির অধীন অপসারিত কোন উপদেষ্টা বীমাকারী বা অন্য কোন বীমাকারীর একই পদে বা অন্য কোন পদে নিয়োজিত বা পুন:নিয়োজিত হইতে পারিবেন না।

কর্তৃপক্ষের আদেশক্রমে

চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ